

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ মন্ত্রণালয়  
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

[ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক ]

প্রজ্ঞাপন

তারিখ: ৩০ জ্যৈষ্ঠ, ১৪২৬ বঙ্গাব্দ / ১৩ জুন, ২০১৯ খ্রিস্টাব্দ।

এস.আর.ও. নং-১৯১-আইন/২০১৯/৪৮-মুসক ।— মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) প্রদত্ত ক্ষমতাবলে সরকার, বাংলাদেশ হাই-টেক পার্কে বিনিয়োগকারী প্রতিষ্ঠান এর ক্ষেত্রে পণ্য উৎপাদন পর্যায়ে নিম্নবর্ণিত টেবিলের কলাম (২) ও (৩) এ বর্ণিত শিরনামা সংখ্যা ও সেবার কোড এর বিপরীতে কলাম (৪) এ বর্ণিত সেবাসমূহের উপর প্রদেয় মূল্য সংযোজন কর এতদ্বারা অব্যাহতি প্রদান করিল, যথাঃ-

“টেবিল

ক্রমিক নং	শিরনামা সংখ্যা	সেবার কোড	সেবার নাম
(১)	(২)	(৩)	(৪)
১।	S০৩৭	S০৩৭.০০	যোগানদার (Procurement Provider) (পেট্রোলিয়াম জাতীয় দ্রব্যাদি ব্যতীত)
২।	S০৫৭	S০৫৭.০০	বিদ্যুৎ বিতরণকারী

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(মোঃ মোশাররফ হোসেন ডুইয়া, এনডিসি)  
সিনিয়র সচিব